


লংমার্চ টু ঢাকা' কর্মসূচিতে মারা গেলেন কুবির কাইয়ুম

কুবি প্রতিনিধি

০৬ আগস্ট ২০২৪, ০১:৫৫ পিএম



বৈশম্য বিরোধী ছাত্র আন্দোলনের 'লংমার্চ টু ঢাকা' কর্মসূচিতে পুলিশের গুলিতে গুরুতর আহত হওয়ার পর মৃত্যুবরণ করেছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শিক্ষার্থী মো. আবদুল কাইয়ুম। তিনি বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

নিহত আবদুল কাইয়ুম সাভারের সিআরপি হসপিটাল পার্শ্ববর্তী টগর মুড়া এলাকার বাসিন্দা। তিনি মোহাম্মদ কফিল উদ্দিনের ছেলে। দুই ভাই ও এক বোনের মধ্যে তিনি সবার ছেট।

খোঁজ নিয়ে জানা যায়, গতকাল সোমবার 'লংমার্চ টু ঢাকা' কর্মসূচিতে যোগদানের উদ্দেশ্যে বের হলে সাভারে নিউমার্কেট এলাকায় গুলিবিদ্ধ হন।

আজ মঙ্গলবার সকাল ৯টায় সাভারের এনাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মেডিকেল কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আবদুল কাইয়ুমের বাড়িতে উপস্থিত তার সহপাঠী আহমেদ তাশরিফ বলেন, 'আমাদের কাইয়ুম মারা গিয়েছে। বর্তমানে আমি তার বাড়িতেই আছি। বাদ জোহর তার জানায় অনুষ্ঠিত হবে।'